Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য /০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

মূল্য ছয় পয়সা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

৩৮শ বর্ষ | রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—১২ই অগ্রহায়ণ বুধবার ১৩৫৮ ইংরাজী 28th Nov. 1951 | ২৭শ সংখ্যা

**অরবিন্দ এণ্ড কোং**

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

**জীবনযাত্রার পাথেয়**

আমাদের গৃহ-সংসার কত আশা ও উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী। বাপ মায়ের সে স্বপ্ন রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যাওয়া অসম্ভব নয়, তাই নিজের জন্যও যেমন তাঁদের দুশ্চিন্তা, ছেলে-মেয়ে ও আত্মীয়-পরিজনের জন্যও তেমনি তাঁদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়? হিন্দুস্থানের বীমাপত্র সেই সংস্থানের উপায় স্বরূপ—প্রত্যেকের আর্থিক সঙ্গতি ও বিভিন্ন প্রয়োজন অনুযায়ী নানাবিধ বীমাপত্রের ব্যবস্থা আছে।

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

**হিন্দুস্থান কো-অপারেটিভ**
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস
৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১২ই অগ্রহায়ণ বুধবার সন ১৩৫৮ সাল।

## 'আমি' উত্তম পুরুষ

—০—

শব্দ-সাধন প্রণালীর গ্রন্থের নাম ব্যাকরণ। সংস্কৃত ব্যাকরণে 'আমি' (অহং) উত্তম পুরুষ বলিয়া কথিত হয়। ইহা ছাড়া 'আমি' সর্ব্বাপেক্ষা উত্তম এই প্রকার ভাব প্রকাশ করাকে অহংকার (অহঙ্কার) বলে। এইরূপ ভাব প্রকাশ সভ্য সমাজে নিন্দনীয় হইলেও কোনও সভার সভ্যপদে নির্ব্বাচিত হইবার আকাঙ্ক্ষা যাঁহাদের আছে, তাঁহারা আত্মপ্রসিদ্ধি বর্ণনা করিয়া আত্মপ্রশংসা করিতে ইতস্ততঃ করেন না। এই আত্মপ্রশস্তি কীর্ত্তন লিখিত বা মুদ্রিত পত্রের নাম ইংরাজীতে "ম্যানিফেষ্টো" (manifesto).

আসন্ন সাধারণ নির্ব্বাচনে যে সকল প্রার্থীর নাম ধোপে টিকিয়া গেল, সব দলেরই দেশবাসীর সেবা ও দেশের উন্নতিই যেন তাঁহাদের ধ্যান, জ্ঞান ও জীবনের একমাত্র কামনা। সকলেই এইবারে স্ব স্ব বিগত ও ভবিষ্যৎ কার্য্যাবলীর ঢক্কা-নিনাদের আয়োজনে ব্যস্ত হইয়া পড়িবেন। যাঁহার নিজের কোনও সৎকীর্ত্তি নাই, তিনি খুঁজিয়া খুঁজিয়া প্রপিতামহ হইতে আরম্ভ করিয়া পিতামহ বা পিতার তিল প্রমাণ কীর্ত্তিকে তাল প্রমাণ করিয়া দেখাইবার জন্য শুধু কাগজ ছাপাইয়া ক্ষান্ত থাকিবেন না, তাঁহার বংশের গুণকীর্ত্তন জন্য "ক্যানভাসার" নামীয় দালাল বাহাল করিতেও পশ্চাৎপদ হইবেন না। দালালেরাও তাঁহাদের মক্কেলের এই দুর্ব্বলতাকে নিজেদের রোজগারের পন্থারূপে গ্রহণ করিয়া—অমুক স্থানের "সেণ্ট্ পার সেণ্ট্," অমুক স্থানের "নাইন্‌টি পার সেণ্ট" অর্থাৎ কোথাও বা শতকরা ১০০ ভোট এবং কোথাও শতকরা নব্বই ভোটই আমাদের বলিয়া বর্ণনা করিয়া কত স্বল্পবুদ্ধি লক্ষ্মী-পেঁচাকে বিভ্রান্ত করিয়া যে ব্যক্তি ভিখারীকে ভিক্ দেয় না, তাহারও মজ্জা হইতে অর্থ বাহির করিয়া স্বার্থ সিদ্ধি করিবার সুযোগ ছাড়িবে না।

বহু দল হইতে এবং স্বতন্ত্রভাবে অনেকে একাকী এই প্রতিযোগিতার আসরে নামিয়াছেন। সকলের মধ্যে কংগ্রেস প্রতিষ্ঠায় সর্ব্ব বৃহৎ। ক্ষমতা এবং অর্থে প্রবল। আমলাতন্ত্র কংগ্রেসের অধীন, সে-কারণ তাহার ক্ষমতা ও সুবিধা সর্ব্বাধিক। অর্থ সংগ্রহের পথও বহু ও সুবিস্তৃত। এই সুযোগ ও সুবিধাগুলি অন্য কাহারও নাই। তথাপি যে কংগ্রেস একদিন লাঠি ও ছাতা এমন কি জুতাকে দাঁড় করাইয়াও ভোট যুদ্ধে জয়ী হইয়াছে, সেই কংগ্রেস আজ নিশ্চিত জয়ের আশায় নিশ্চিন্ত থাকিতে পারিতেছে না। কংগ্রেস আজ পূর্ব্বের সে কংগ্রেস নাই, শাসন ক্ষমতা করায়ত্ত হইবার পর লক্ষ্যভ্রষ্ট হইয়া তাহার পতন হইয়াছে। বিগত চারি বৎসরের কার্য্যকলাপে জনসাধারণ বর্ত্তমান কংগ্রেস সম্প্রদায়ের উপর বীতশ্রদ্ধ হইয়াছে। অনেক পুরাতন একনিষ্ঠ নিঃস্বার্থ কংগ্রেসসেবীও আজ তাঁহাদের সাধের কংগ্রেসের প্রতি বিরুদ্ধভাব পোষণ করিতেছেন। ইহা কংগ্রেসের পক্ষে মঙ্গলসূচক নহে।

অন্যান্য দলের কাহারও অতীত কীর্ত্তি বা প্রশংসনীয় বলিয়া বিশেষ কিছু নাই, বলিলেই চলে, ভবিষ্যতের প্রতিশ্রুতিই তাহাদের এই নির্ব্বাচন বৈতরণী পারের সম্বল। নির্ব্বাচনপ্রার্থিগণের ব্যক্তিগত বা দলগত ত্যাগ কিম্বা জনসেবায় ধন-মন-প্রাণ নিয়োগ বা সাধারণের স্বার্থ রক্ষায় বিনিদ্র রজনী যাপন করিবার প্রতিশ্রুতি-পূর্ণ "ম্যানিফেষ্টোতে" কি শিক্ষিত কি অশিক্ষিত ভোটদাতাদের বড় একটা আস্থা নাই। ভোটের দালালী ব্যবসাদারদের অনেককেই তাহারা চিনিয়া ফেলিয়াছে। তাহারা অনেকবার ঠেকিয়া শিখিয়াছে যে ভোটদাতাগণের মঙ্গল করিবার সদিচ্ছা বা প্রতিশ্রুতি নির্ব্বাচনে জয়লাভের পর হইতেই অতি সূক্ষ্ম দেহ প্রাপ্ত হইয়া শূন্যে মিশিয়া যায়। মোট কথা বিজয়ী প্রার্থীর ব্যক্তিগত স্বার্থের হাড়কাঠে জনসাধারণের স্বার্থ বলি দেওয়া হইয়া থাকে।

অনেক সময় স্বার্থপ্রলুব্ধ হইয়া গ্রামের প্রধান ব্যক্তি কোনও দল বিশেষের বা ব্যক্তি-বিশেষের অনুকূলে ভোট দিবার জন্য তাহার অনুগত নিরীহ সরল প্রাণ জনগণকে প্ররোচিত করিয়া গড্ডালিকা প্রবাহের মত (গাড়লকে গড্ডালিকা বলে) সারি বাঁধিয়া অবাঞ্ছিত ব্যক্তিকে ভোট দিতে বাধ্য করে। ইহাদের ফন্দী হইতে আত্মরক্ষা করিয়া, পাঁচ কাণ্ডালে পরামর্শ করতঃ, যাঁহারা বংশানুক্রমে সে অঞ্চলের উপকার করিয়া আসিতেছেন, সময়ে অসময়ে বিপদে আপদে রক্ষা করিবার চেষ্টা করিয়াছেন, এখনও সাধারণের উপকারার্থে অর্থ ও সামর্থ্য প্রয়োগ করিতে ত্রুটি করেন না, লোকহিতকর কার্য্যে—যেমন ইস্কুল, কলেজ, হাসপাতালে দান করিতে কুণ্ঠিত হন না, কলিকাতার মোহে বারমাসই সেখানে আমোদ আহ্লাদে মত্ত হইয়া থাকেন না, স্থানীয় বাস উঠাইয়া দিবার উপক্রম করিয়া দেশের সহিত সম্পর্ক ত্যাগ করিয়া ভোটের সময় সুবিধা করিবার জন্য আত্মীয় সাজেন না তিনি যে দলেরই হউন না কেন, তাঁহার নির্ব্বাচনে সর্ব্ব বিষয়ে সাহায্য করা ন্যায়তঃ ও ধর্ম্মতঃ উচিত।

তা ছাড়া অধম পুরুষ যদি উত্তম পুরুষ সাজিবার চেষ্টা করে তাহাকে সর্ব্বপ্রকারে বর্জ্জন করা ভোটদাতাগণের কর্ত্তব্য।

---

## বিমান দুর্ঘটনা

—০—

গত বুধবারে প্রাতঃকালে কুয়াসাচ্ছন্ন বিমান ঘাটিতে অবতরণ করিবার সময় একখানি এরোপ্লেন বাঁশ গাছ ও নারিকেল গাছে ধাক্কা লাগিয়া ভগ্নাবস্থায় পতিত হয়। সমস্ত প্লেনখানিতে দাউ দাউ করিয়া আগুন জ্বলিতে থাকে। নিখিল ভারতীয় সংবাদপত্র সম্পাদক সম্মিলনীর সভাপতি লালা দেশবন্ধু গুপ্ত মহাশয়ও সেই প্লেনে আরোহী ছিলেন। মোট ১৭ জন আরোহীর মধ্যে মাত্র একজন আহতাবস্থায় প্রেসিডেন্সী জেনারেল হাসপাতালে নীত হন। লালা দেশবন্ধু শোচনীয় ভাবে নিহত হন। কলিকাতার প্রধান প্রধান সংবাদপত্রসেবিগণ লালাজীর শবে মাল্য দান করেন। দিল্লীতে তাঁহার শবদেহ বিমানযোগে লইয়া গিয়া সৎকার করা হয়।

---

## THE REPRESENTATION OF THE PEOPLE (CONDUCT OF ELECTIONS AND ELECTION PETITIONS) RULES, 1951

### FORM 5.

[ Rules 10(3) and 11. ]

Election to the West Bengal Legislative Assembly from Suti Constituency.

List of valid nominations.

Final List of Candidates for Election.

| Serial No. | Name of candidate. | Address of candidate. | Symbol assigned to the candidate, if any. |
|---|---|---|---|
| 1. | Radhanath Choudhury, | Nimtita, P.O. Nimtita, P.S. Samserganj, Dist. Murshidabad. | Cycle. |
| 2. | Jharu Lal Das, | Sadikpur, P.O. Nurpur, P.S. Suti, Dist. Murshidabad. | Two bulls with yoke on. |
| 3. | Tinkari Lal Das, | Gangin Ghora-Pakhia, P.O. Nurpur, P.S. Suti, Dist. Murshidabad. | Hut. |
| 4. | Lutfal Haque, | Khanabari, P.O. Aurangabad, P.S. Suti, Dist. Murshidabad. | Scales. |
| 5. | Dwijendra Nath Sinha, | Khanpur, P.O. Chhapghathi, P.S. Suti, Dist. Murshidabad. | Ladder. |

(1) The poll will be taken from 8 A.M. to 12 A.M. and again from 1 P.M. to 5 P.M. on [illegible]th January, 1952, at the polling stations/place fixed for the poll to be notified separately.

Raghunathganj
24th November, 1951.

K. C. Chakrabarty,
*Returning Officer.*
[illegible] 11. 51.

## ১৯৫১ খৃষ্টাব্দের জন-প্রতিনিধিত্ব ( নির্বাচন পরিচালন ও নির্বাচনী দরখাস্ত ) নিয়মাবলী

### নিদর্শ ( ফারম ) ৫

[নিয়ম ১০ (৩) ও ১১]

স্থতি নির্বাচনক্ষেত্র হইতে পশ্চিম বঙ্গ বিধান সভায় নির্বাচন।

**সিদ্ধ মনোনয়নের তালিকা**

নির্বাচন-প্রার্থীদের চূড়ান্ত তালিকা

| ক্রমিক সংখ্যা | নির্বাচন-প্রার্থীর নাম | নির্বাচন-প্রার্থীর ঠিকানা | নির্বাচন-প্রার্থীর জন্য যদি কোন প্রতীক নির্দ্দিষ্ট হইয়া থাকে |
|---|---|---|---|
| ১। | রাধানাথ চৌধুরী, | গ্রাম নিমতিতা, পোঃ আঃ নিমতিতা, থানা সমসেরগঞ্জ, জেলা মুর্শিদাবাদ। | বাইসিকেল |
| ২। | ঝড়ুলাল দাস, | গ্রাম সাদিকপুর, পোঃ আঃ নুরপুর, থানা স্থতি, জেলা মুর্শিদাবাদ। | জোয়াল কাঁধে এক জোড়া ষাঁড় |
| ৩। | তিনকড়িলাল দাস, | গ্রাম গাঙ্গিন ঘোড়াপাখিয়া পোঃ আঃ নুরপুর, থানা স্থতি, জেলা মুর্শিদাবাদ। | চালাঘর |
| ৪। | লুৎফল হক, | গ্রাম খানাবাড়ী, পোঃ আঃ অরঙ্গাবাদ, থানা স্থতি, জেলা মুর্শিদাবাদ। | দাঁড়িপাল্লা |
| ৫। | দ্বিজেন্দ্রনাথ সিংহ, | খাঁপুর, পোঃ আঃ ছাপঘাটি, থানা স্থতি, জেলা মুর্শিদাবাদ। | মই |

১৯৫২ খৃষ্টাব্দের ৫ই জানুয়ারী বেলা ৮টা হইতে ১২টা পর্য্যন্ত এবং পুনরায় বেলা ১টা হইতে পাঁচটা পর্য্যন্ত ভোট গ্রহণ করা হইবে। কোন্ কোন্ ভোটস্থানে ( পোলিং ষ্টেশনে ) / ভোট গ্রহণের জন্য নির্দিষ্ট কোন্ স্থানে ভোট গ্রহণ করা হইবে তাহা পৃথগ্‌ভাবে প্রজ্ঞাপিত ( নোটিফায়েড্ ) হইবে।

রঘুনাথগঞ্জ,
১৯৫১/২৪শে নভেম্বর।

K. C. Chakrabarty,
নির্বাচন-আধিকারিক
(রিটার্ণিং অফিসার)

## THE REPRESENTATION OF THE PEOPLE (CONDUCT OF ELECTIONS AND ELECTION PETITIONS) RULES, 1951

### FORM 5.

[ Rules 10(3) and 11. ]

Election to the West Bengal Legislative Assembly from Farakka Constituency.

**List of valid nominations.**

**Final List of Candidates for Election.**

| Serial No. | Name of candidate. | Address of candidate. | Symbol assigned to the candidate, if any. |
|---|---|---|---|
| 1. | Sripati Bhusan Das, | Kanchantala<br>P.O. Dhulian<br>P.S. Samserganj,<br>Dist. Murshidabad. | Cycle. |
| 2. | Giasuddin, | Sahebnagar,<br>P.O. Dhulian<br>P.S. Samserganj.<br>Dist. Murshidabad. | Two bulls with yoke on. |
| 3. | Muralidhar Gupta, | Dhulian,<br>P.O. Dhulian,<br>Dist. Murshidabad. | Cart. |
| 4. | Binoy Bhusan Sarkar, | Kasimnagar,<br>P.O. Nimtita (now P.O. Kasimnagar)<br>P.S. Suti,<br>Dist. Murshidabad. | Cock. |
| 5. | Syed Abul Hossain, | Gorabazar,<br>P.O. Berhampore,<br>Thana Berhampore,<br>Dist. Murshidabad. | Scales. |

(1) The poll will be taken from 8 A.M. to 12 A.M. and again from 1 P.M. to 5 P.M. on 3rd January, 1952, at the polling stations/place fixed for the poll to be notified separately.

Raghunathganj,
24th November, 1951.

K. C. Chakrabarty,
*Returning Officer.*
24. 11. 51.

## ১৯৫১ খৃষ্টাব্দের জন-প্রতিনিধিত্ব ( নির্বাচন পরিচালন ও নির্বাচনী দরখাস্ত ) নিয়মাবলী

### নিদর্শ ( ফারম ) ৫

[নিয়ম ১০(৩) ও ১১]

ফরাক্কা নির্বাচনক্ষেত্র হইতে পশ্চিম বঙ্গ বিধান সভায় নির্বাচন।

**সিদ্ধ মনোনয়নের তালিকা**

**নির্বাচন-প্রার্থীদের চূড়ান্ত তালিকা**

| ক্রমিক সংখ্যা | নির্বাচন-প্রার্থীর নাম | নির্বাচন-প্রার্থীর ঠিকানা | নির্বাচন-প্রার্থীর জন্য যদি কোন প্রতীক নির্দিষ্ট হইয়া থাকে |
|---|---|---|---|
| ১। | শ্রীপতিভূষণ দাস, | গ্রাম কাঞ্চনতলা,<br>পোঃ ধুলিয়ান.<br>থানা সমসেরগঞ্জ,<br>জেলা মুর্শিদাবাদ। | বাইসিকেল |
| ২। | গিয়াসুদ্দিন, | গ্রাম সাহেবনগর,<br>পোঃ ধুলিয়ান,<br>থানা সমসেরগঞ্জ.<br>জেলা মুর্শিদাবাদ। | জোয়াল কাঁধে এক জোড়া [illegible] ষাঁড় |
| ৩। | মুরলিধর গুপ্ত, | গ্রাম ধুলিয়ান,<br>পোঃ ধুলিয়ান,<br>জেলা মুর্শিদাবাদ। | গরুর গাড়ী |
| ৪। | বিনয়ভূষণ সরকার | গ্রাম কাশিমনগর,<br>পোঃ নিমতিতা,<br>এক্ষণে পোঃ কাশিমনগর,<br>থানা সুতি,<br>জেলা মুর্শিদাবাদ। | মোরগ |
| ৫। | সৈয়দ আবুল হোসেন, | গোরাবাজার,<br>পোঃ বহরমপুর,<br>থানা বহরমপুর,<br>জেলা মুর্শিদাবাদ। | দাঁড়িপাল্লা |

১৯৫২ খৃষ্টাব্দের ৩রা জানুয়ারী তারিখে বেলা ৮টা হইতে ১২টা পর্য্যন্ত এবং পুনরায় বেলা ১টা হইতে ৫টা পর্য্যন্ত ভোট গ্রহণ করা হইবে। কোন্ কোন্ ভোটস্থানে ( পোলিং ষ্টেশনে )/ভোট গ্রহণের জন্য নির্দিষ্ট কোন্ স্থানে ভোট গ্রহণ করা হইবে তাহা পৃথগ্‌ভাবে প্রজ্ঞাপিত ( নোটিফায়েড্ ) হইবে।

রঘুনাথগঞ্জ,
১৯৫১/২৪শে নভেম্বর।

K. C. Chakrabarty,
নির্বাচন-আধিকারিক
(রিটার্নিং অফিসার)

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## নিলামের দিন ১০ই ডিসেম্বর ১৯৫১

### ১৯৫১ সালের ডিক্রীজারী

৪৭৮ খাং ডিঃ ধরমচাঁদ সেরাওগী দিঃ দেং যোগেন্দ্রনারায়ণ দত্ত দাবি ১০।৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে মির্জ্জাপুর ৮ শতকের কাত ॥৵৬ আঃ ৫৲ খং ৭৯৯

৪৭৯ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৮॥৶৩ মৌজাদি ঐ ৪৬ শতকের কাত ।/৩ আঃ ৫৲ খং ১০০

৪৮০ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১৸৶০ মৌজাদি ঐ ১০ শতকের কাত ৸৶৩ আঃ ৭৲ খং ৭৯৭

৪৮২ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১০৸/৯ মৌজাদি ঐ ২২ শতকের কাত ৸০ আঃ ৫৲ খং ৮০৪

৪৮৪ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৭॥৩ মৌজাদি ঐ ১৬১ শতকের কাত ৫৸৶০ আঃ ৩৫৲ খং ৫৯৩

৪৮৫ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৫।/০ মৌজাদি ঐ ৯৩ শতকের কাত ৬৸৶০ আঃ ৪০৲ খং ৬৭১

২৪০ খাং ডিঃ দ্বিজপদ চট্টোপাধ্যায় দেং শান্তিলতা দাসী দাবি ৩৬৲ থানা রঘুনাথগঞ্জ মৌজে জয়রামপুর ৩৬৩ শতকের কাত ২৸৵৪ আঃ ২০৲ খং ১৮৭

৫৩৮ খাং ডিঃ অমানো বর্ম্মণ্যা দেং খাবুরুদ্দিন সেথ দিঃ দাবি ৩৮॥/৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে তেঘরী ৩৩ শতকের কাত ৫৸৶০ আঃ ৫৲ খং ২০০ স্বত্ব বসত প্রজা

৪৩১ খাং ডিঃ পঙ্কজকুমার মুখোপাধ্যায় দেং সুকুমার দত্ত দিং দাবি ৩৯॥৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে কুলড়ি ২-৯৪ শতকের কাত ১২৻৬ আঃ ২৫৲ খং ৩৬৭ রায়ত স্থিতিবান

৪৩২ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২২৸/০ মৌজাদি ঐ ১-৭১ শতকের কাত ৫৸/০ আঃ ১৫৲ খং ৩৬৩ ঐ স্বত্ব

৫২০ খাং ডিঃ রাজা রাও ধীরেন্দ্রনারায়ণ রায় দিং দেং বাসারত মণ্ডল দাবি ৩১৸৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেখালিপুর ২-২৮ শতকের কাত ৪।৶৯ আঃ ২০৲ খং ২২৮

৫২১ খাং ডিঃ ঐ দেং আবদুল অহেদ মণ্ডল দিং দাবি ২১৶০ মৌজাদি ঐ ১৩৬ শতকের কাত ৩৵০ আঃ ১০৲ খং ২৩

৫২৪ খাং ডিঃ সেবাইত ও স্বয়ং মণিমোহন চৌধুরী দেং মেঘনাথ মুচি দাবি ১১/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে নিস্তা ৩৮ শতকের কাত ৸১০ আঃ ৫৲ খং ২৯২ রায়ত স্থিতিবান

৫২৫ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৯।০ মৌজাদি ঐ ২৩ শতকের কাত ॥৭॥ আঃ ৫৲ খং ১৯৫ ঐ স্বত্ব

৫২৬ খাং ডিঃ ঐ দেং সৌদামিনী দাসী দিং দাবি ৪৫॥৵৬ থানা ঐ মৌজে কাঁকুড়িয়া ১-৯৪ শতকের কাত ১২॥/১৩। আঃ ২০৲ খং ৩৩৫ ঐ স্বত্ব

৫২৭ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৪।৶৩ মৌজাদি ঐ ১-১৩ শতকের কাত ৮॥৶৬॥ আঃ ২০৲ খং ১৫৫ ঐ স্বত্ব

৫২৩ খাং ডিঃ ঐ দেং ধনঞ্জয় দাস দিং দাবি ৫৯॥/৬ থানা সুতী মৌজে বাগভাঙ্গা ২-৫৭ শতকের কাত ৯॥৩। আঃ ৩০৲ খং ৫৯ ঐ স্বত্ব

৫৮৭ খাং ডিঃ হরিশচন্দ্র মুখোপাধ্যায় দিং দেং ফুরকান বিবি দিং দাবি ৽২৸/৩ থানা সুতী মৌজে হিলোড়া ৩-৭ শতকের কাত ১৪/৬ আঃ ৪০৲ খং ২৭৭০ রায়ত স্থিতিবান

৪৫০ খাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেং লালমহম্মদ মোল্লা দাবি ১৬॥/০ থানা সুতী মৌজে নয়াবাহাদুরপুর ৮০॥০ শতকের কাত ২৸১১ আঃ ১২৲ খং ৩৪৮ রায়ত স্থিতিবান

৫৬৬ খাং ডিঃ ঐ দেং ইদ্রিস সেখ দাবি ১৩।৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর ১৫ শতকের কাত ১॥৶০ আঃ ১০৲ খং ৩৭৬ দখলকার বসত প্রজা

৫৭১ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৯৶৬ মৌজাদি ঐ ২ শতকের কাত ।৶৬ আঃ ৫৲ খং ৩৭২ ঐ স্বত্ব

৫৬৮ খাং ডিঃ ঐ দেং নকড়ি সাহা দিং দাবি ১২৻৩ মৌজাদি ঐ ২৩ শতকের কাত ১।৶০ আঃ ১০৲ খং ৪৪৫ রায়ত স্থিতিবান

৫৬৯ খাং ডিঃ ঐ দেং ভোলানাথ সাহা দিং দাবি ৩২৶৯ মৌজাদি ঐ ১-৪০ শতকের কাত ৯।/৬ আঃ ৩০৲ খং ৪৮৭, অধীনস্থ খং ৪৮৮, ৪৯১ ঐ স্বত্ব

৫৭৯ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭।৵৩ মৌজাদি ঐ ৩২ শতকের কাত ২৲ আঃ ৮৲ খং ৪৬ ঐ স্বত্ব

৫৭২ খাং ডিঃ ঐ দেং বিভূষিণী দাসী দাবি ১৫৶৬ মৌজাদি ঐ ১৯ শতকের কাত ৩৸০ আঃ ১৫৲ খং ৫৬২ ঐ স্বত্ব

৫৭৩ খাং ডিঃ ঐ দেং পারুলবালা দেবী দাবি ২০॥৶৬ মৌজাদি ঐ /৪ কাঠার কাত ৪৲ আঃ ১৫৲ খং ৪৬ ঐ স্বত্ব

৫৭৪ খাং ডিঃ ঐ দেং গজানন ঘোষ দাবি ১৭/০ মৌজাদি ঐ ২ শতকের কাত ৪/২॥ আঃ ১৫৲ খং ৮৩ দখলকার বসত প্রজা

৫৭০ খাং ডিঃ ঐ দেং ইদ্রিস সেখ দিং দাবি ১৭॥৵৩ মৌজাদি ঐ ৩৩ শতকের কাত ৩৲ আঃ ১৫৲ খং ৩৭৩ ঐ স্বত্ব

৫৮০ খাং ডিঃ ঐ দেং অর্দ্ধেন্দুশেখর নাথ দিং দাবি ১৬।৶৯ মৌজাদি ঐ ১১ শতকের কাত ১/৩ আঃ ৭৲ খং ৪০৬ ঐ স্বত্ব

৫৮৪ খাং ডিঃ ঐ দেং জ্ঞানেন্দ্রসুন্দরী বর্ম্মণ্যা দিং দাবি ৭২৻৩ মৌজাদি ঐ ১-৪৬ শতকের কাত ১৬॥/১২ আঃ ৬০৲ খং ৪৫১ রায়ত স্থিতিবান

৫৮৫ খাং ডিঃ ঐ দেং প্রেমবিলাস দাস দাবি ১৮৸/৬ মৌজাদি ঐ ৫ শতকের কাত ৩৵০ আঃ ১৫৲ খং ৫২১ মোকররী

৫৬৭ খাং ডিঃ ঐ দেং মনমতী দাসী দিং দাবি ২৮৵৩ থানা ঐ মৌজে জোতকমল ১-৬৬ শতকের কাত ৭॥০ আঃ ৩০৲ খং ২১৯ রায়ত স্থিতিবান

৫৭৭ খাং ডিঃ ঐ দেং দুলুপদ দাস দিং দাবি ৯৵৩ মৌজাদি ঐ ৮ শতকের কাত ।১০ আঃ ৪৲ খং ৭৮২/১০১১

৫৭৮ খাং ডিঃ ঐ দেং সত্যেন্দ্রনাথ দত্ত দিং দাবি ১৬।৵৯ মৌজাদি ঐ ৩-৯১ শতকের কাত ৯॥৵৬ আঃ ১৫৲ খং ৩০৪ মোকররী

৫৮১ খাং ডিঃ ঐ দেং বসন্তকুমার দাস দিং দাবি ৩৭৵৩ মৌজাদি ঐ ২৫৪ শতকের কাত ৭॥৵৩ আঃ ২৫৲ খং ২১২ রায়ত স্থিতিবান

৫৭৫ খাং ডিঃ ঐ দেং দুলুপদ দাস দিং দাবি ১১৸৵৬ থানা ঐ মৌজে ওসমানপুর ২৪ শতকের কাত ৸৵১॥ আঃ ১০৲ খং ১৩৯ রায়ত স্থিতিবান

৫৭৬ খাং ডিঃ ঐ দেং মানসুর খাঁ দাবি ৯॥/৯ মৌজাদি ঐ ৫ শতকের কাত ॥০ আঃ ৫৲ খং ৯৮৩ ঐ স্বত্ব

৫৮২ খাং ডিঃ ঐ দেং রাধামোহন মজুমদার দিং দাবি ২৮॥৵৩ থানা ঐ মৌজে ছোট কালিয়াই ১-৪৫ শতকের কাত ৪৲ আঃ ১৫৲ খং ৭৪ মোকররী স্বত্ব

৫৮৩ খাং ডিঃ ঐ দেং সুরমানী বিবি দিং দাবি ৩৪॥/৯ থানা ঐ মৌজে আকবরপুর ১০০ শতকের কাত ৫।৶৪ আঃ ২০৲ খং ৭৩

৩৬৯ খাং ডিঃ নৃপেন্দ্রনারায়ণ বসু সর্ব্বাধিকারী দেং এমাজুদ্দিন মণ্ডল দাবি ১৪।/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে নরেন্দ্রপুর ১-২১ শতকের কাত ।১৩ তন্মধ্যে ১/২॥০ জমি নিলাম হইবে। আঃ ৮৲ খং ৪১৫ রায়ত স্থিতিবান

৩৫২ খাং ডিঃ সৌরেন্দ্রনাথ রায় দিং দেং বাহার সেখ দিং দাবি ৩০॥৶০ থানা সুতী মৌজে হারুয়া ২৫৯ শতকের কাত ২॥২ আঃ ৫৲ খং ২৫৯

৩৫১ খাং ডিঃ সৌরেন্দ্রনাথ রায় দেং আনেষ সেখ দিং দাবি ৩১/০ থানা সুতী মৌজে হারুয়া ২৪৮ শতকের কাত ১৮৵৪ আঃ ৫৲ খং ২৮৭

৬০৭ থাং ডিঃ ঐ দেং মোকসদ সেখ দাবি ২১৮৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে বিজয়পুর ৩৭ শতকের কাত ২৵০ আঃ ৫৲ খং ৪৪০

৬০৮ থাং ডিঃ ঐ দেং ভোলানাথ সাহা দিং দাবি ২৭৮/৯ মৌজাদি ঐ ৩৭ শতকের কাত ২৮০ আঃ ১০৲ খং ১৪৩

৬০৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৮৬।৵৩ মৌজাদি ঐ ২৩৫ শতকের কাত ১৩।৵০ আঃ ৫০৲ খং ৭০৬

৬১০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৭৶৩ মৌজাদি ঐ ৩২ শতকের কাত ২॥৶০ আঃ ১০৲ খং ৭০২, ৭০৩

৬১১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৩।৶৯ মৌজাদি ঐ ১১১ শতকের কাত ৩৮৵০ আঃ ১০৲ খং ৪৩৮

৬১২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৪৮/১০ মৌজাদি ঐ ১০৯ শতকের কাত ৬৲ আঃ ১৫৲ খং ৭০৪।৭০৫

২৯৭ থাং ডিঃ নশীপুর রাজ ওয়ার্ড ষ্টেট দেং আমির আলি বিশ্বাস দিং দাবি ৬৯।/৯ থানা সুতী মৌজে বাউরীপুনি ৬-৫৫ শতকের সেস ৩৶৩ আঃ ৫৫৲ খং ১৭ নিষ্কর স্বত্ব

৪০৬ থাং ডিঃ লক্ষ্মীনারায়ণ সিংহ দেং ভূপতিভূষণ দাস দাবি ২২॥/০ থানা সুতী মৌজে কয়াডাঙ্গা ২৮ শতকের কাত ২৲ আঃ ৫৲ খং ৮৪

৪০৭ থাং ডিঃ ঐ দেং আশুতোষ দাস দিং দাবি ২৭৻৬ মৌজাদি ঐ ১৩১ শতকের কাত ২৮৭ আঃ ৮৲ খং ১০৪

৪০৮ থাং ডিঃ ঐ দেং মহেশচন্দ্র সিংহ মৃতান্তে ওয়ারিশ দুঃখনি বর্ম্মণ্যা দিং দাবি ২১৶৬ থানা ঐ মৌজে ভাবকী ১৩২ শতকের কাত ৩/৭ আঃ ৯৲ খং ৭৫৩

২০৮ থাং ডিঃ লুটবিহারী দত্ত দেং সাহেতুল্লা মণ্ডল দিং দাবি ১৪।৶০ থানা সুতী মৌজে গোঠা ১॥৩ কাঠার কাত ২।/৭॥০ আঃ ২৲ খং ৮৯

২০৯ থাং ডিঃ ঐ দেং অর্জ্জুন মণ্ডল দাবি ১৩॥৵৬ থানা ঐ মৌজে সাদিকপুর ৪৯২ শতকের কাত ১৮৵৬ আঃ ২৲ খং ১২

২১০ থাং ডিঃ ঐ দেং আশুতোষ সিংহ দাবি ১৬৲ থানা ঐ মৌজে খাঁপুর ৩।৩।৵০ বিঘার কাত ২৮৶/১৮ আঃ ২৲ খং ৬০

৪৯৮ থাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দেং পঙ্কজিনী ঘোষ দিং দাবি ১৫৯।০ থানা সুতী মৌজে ডাহিনা ৭৭৩ শতকের কাত ২৪॥/৩ আঃ ১০০৲ খং ২৬০

২৪১ থাং ডিঃ সেবাইত কুমারকৃষ্ণ ঘোষ দিং দেং রাজেন্দ্রনাথ সাহা দাবি ৮৫।৵৯ থানা সুতী মৌজে উমরাপুর ৩-৪৭ শতকের কাত ...

৪৮৫ থাং ডিঃ শচীন্দ্রকুমার সিংহ দিং দেং পার্ব্বতী ঘোষ দাবি ১১৮/৯ থানা সুতী মৌজে হিলোড়া ৬ শতকের কাত ১৮৵০ আঃ ৫৲ খং ১৬২৬

৫১৪ থাং ডিঃ কণিকারাণী দেবী দেং প্রফুল্লকুমারী দেবী দাবি ৩৯৵৩ থানা সুতী মৌজে মাণিকপুর ১১৪ শতকের কাত ৭৮৵৩ আঃ ১৫৲ খং ৩৪ রায়ত স্থিতিবান স্বত্ব

৫১৬ থাং ডিঃ ঐ দেং বান্দালী সেখ দিং দাবি ১০৮/৬ মৌজাদি ঐ আঃ ৩৲ খং ৭২।১ রায়ত স্থিতিবান

৫৩০ থাং ডিঃ ঐ দেং সুখেন্দুকুমার মুখোপাধ্যায় নাবালক পক্ষে অলি পিতা খুদিরাম মুখোপাধ্যায় দাবি ১৮।৶৩ মৌজাদি ঐ ১৪৭ শতকের কাত ৪।৮ আঃ ৮৲ খং ৬৬ রায়ত স্থিতিবান

৫৩২ থাং ডিঃ ঐ দেং বাখর সেখ দাবি ৯৮৵৬ মৌজাদি ঐ ২১ শতকের কাত ।৶৪ আঃ ৩৲ খং ১৩ রায়ত স্থিতিবান

৫১৫ থাং ডিঃ ঐ দেং উম্মেখাতুন বিবি দাবি ২৩॥/০ থানা ঐ মৌজে দেবীপুর ১৫৫ শতকের কাত ৩॥১০ আঃ ১০৲ খং ৩৫ মোকররী স্বত্ব

৫৩১ থাং ডিঃ ঐ দেং সীতেশচন্দ্র দত্ত দিং দাবি ২৮৶৯ মৌজাদি ঐ ৪৩ শতকের কাত ৩।৶৭ আঃ ১০৲ খং ৩৭ রায়ত স্থিতিবান

৫৩৩ থাং ডিঃ ঐ দেং ধীরেন্দ্রনাথ ঘোষ দিং দাবি ১৬৮৵৬ থানা ঐ মৌজে ইচলিপাড়া ২৬ শতকের কাত ১॥৶০ আঃ ৫৲ খং ৩০০।১ রায়ত স্থিতিবান

৫৩৪ থাং ডিঃ ঐ দেং ধীরেন্দ্রনাথ ঘোষ দিং দাবি ১৭॥/৩ মৌজাদি ঐ ২৬ শতকের কাত ১॥৶০ আঃ ৫৲ খং ৪৪০।১ রায়ত স্থিতিবান

৫১৭ থাং ডিঃ এজার সেখ দিং দেং এব্রাহিম মিস্ত্রী দাবি ৩১॥০ থানা রঘুনাথগঞ্জ মৌজে বড়শিমুল ২৭ শতকের কাত ৫৶৯ আঃ ১০৲ খং ৫৩৩।১ কোর্ফা দখলী স্বত্ব বিশিষ্ট জোত

২৮৭ থাং ডিঃ অর্দ্ধেন্দুশেখর নাথ দিং দেং নজর সেখ দিং দাবি ২০৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাঘা ১৮৭ শতকের কাত ২৶০ আঃ ১০৲ খং ৯২

৫০৮ থাং ডিঃ ঐ দেং সরলাসুন্দরী দেবী দাবি ৪২৶০ মৌজাদি ঐ ১২৯ শতকের কাত ৬।৶২॥০ আঃ ১০৲ খং ১৮২

৫০৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৮॥০ মৌজাদি ঐ ২৯৪ শতকের কাত ১৫।৵০ আঃ ২০৲ খং ৬৮

৫৫৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬৮/৩ মৌজাদি ... ১৪৭

৫৬৪ থাং ডিঃ ঐ দেং কিরীটিভূষণ দাস দাবি ১৬৮৵৩ থানা ঐ মৌজে বাহুড়া ৯ শতকের কাত ১।/৪ আঃ ৫৲ খং ১৬৪ রায়ত স্থিতিবান

৫৬৫ থাং ডিঃ ঐ দেং নুরমহম্মদ মণ্ডল দিং দাবি ২৪৵৬ থানা ঐ মৌজে উমরপুর ১৪ শতকের কাত ২।৵৫ আঃ ৫৲ খং ২৬০।২৬১

৩০৯ থাং ডিঃ তারিণীচরণ তেওয়ারী দেং আশুতোষ সিংহ দিং দাবি ২২৮/০ থানা সুতী মৌজে ভাবকী ২-৩৬ শতকের কাত ৫॥৶১ আঃ ৫৲ খং ৫৬৬

৫৯২ থাং ডিঃ বিবি দেল আফরোজ খাতুন দেং পাঁচু মণ্ডল দিং দাবি ২৯৯।৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে পিরোজপুর ১-১৮ শতকের কাত শস্যের অর্দ্ধাংশ আঃ ২৫৲ খং ৪০৮

৫৯৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩০৩৮৩ মৌজাদি ঐ ১২১ শতকের কাত শস্যের অর্দ্ধেক আঃ ৫০৲ খং ৪১৪

৫৯৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৮১৮৶৩ মৌজাদি ঐ ১-১৮ শতকের শস্যের অর্দ্ধেক আঃ ২৫৲ খং ৪০৮

৬০২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৫৪৮৵৩ মৌজাদি ঐ ১-২১ শতকের শস্যের অর্দ্ধেক আঃ ২৫৲ খং ৪১৪

৬০৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৮৪৶৯ মৌজাদি ঐ ৩৩ শতকের শস্যের অর্দ্ধেক আঃ ২৫৲ খং ৪১৪

৫৯৩ থাং ডিঃ ঐ দেং নাথু মণ্ডল দাবি ১৭২।৯ মৌজাদি ঐ ৭২ শতকের শস্যের অর্দ্ধেক আঃ ৫০৲ খং ৪৩২

৬০১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬১৮৩ মৌজাদি ঐ ৭২ শতকের শস্যের অর্দ্ধাংশ আঃ ২০৲ খং ৪৩২

৫৯৪ থাং ডিঃ ঐ দেং পাঞ্চি মণ্ডলানী দাবি ৮৪৮৯ মৌজাদি ঐ ২৯ শতকের শস্যের অর্দ্ধেক আঃ ২৫৲ খং ৪০০

৬০৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৭৩॥৵৬ মৌজাদি ঐ ২৯ শতকের শস্যের অর্দ্ধেক আঃ ২৫৲ খং ৪০০

৫৯৫ থাং ডিঃ ঐ দেং শ্রীচরণ মণ্ডল দাবি ৯৮৮৵৩ মৌজাদি ঐ ৪৯ শতকের শস্যের অর্দ্ধেক আঃ ২৫৲ খং ৪২০

৬০০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১৮/৯ মৌজাদি ঐ ৪৯ শতকের শস্যের অর্দ্ধেক আঃ ২৫৲ খং ৪২০

৫৯৮ থাং ডিঃ ঐ দেং খর্গেশ্বর মণ্ডল দিং দাবি ৯৯॥/৯ মৌজাদি ঐ ৪৪ শতকের শস্যের অর্দ্ধেক আঃ ২৫৲ খং ৪১২

৬০৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১০৫।৩ মৌজাদি ঐ ...

# নিশ্চয় মরিব

—:০:—



মরিব মরিব আমি নিশ্চয় মরিব !
"নমিনেশন" নাকচ হওয়া কেমনে সহিব।
না দিও বরফ শিরে—
না করিও পাঙ্খা,
এ প্রাণে কি কাজ বল না—
(যদি) না মিটে আকাঙ্ক্ষা।
আমার মরাই ভাল
বিপক্ষে টিটকারী দিবে—
মরাই ভাল।

---

## সাগরদীঘি নির্ব্বাচন কেন্দ্রের ভোটারগণের প্রতি নিবেদন

আমি সুরেন্দ্রনারায়ণ সিংহ ঐ কেন্দ্র হইতে আগামী পশ্চিমবঙ্গ বিধান সভার নির্ব্বাচনে প্রার্থী হিসাবে দাঁড়াইয়াছি। আপনাদের সাহায্য ও ভোট প্রার্থনা করি। নিবেদন ইতি—

বশংবদ—
শ্রীসুরেন্দ্রনারায়ণ সিংহ

---

## ১৪২ বৎসরের চাষীর মৃত্যু

ঢাকা জেলার অন্তর্গত বড়াইখালির অধর গাছি নামক একজন চাষী ১৪২ বৎসর বয়সে দেহত্যাগ করিয়াছেন। তিনি আজীবন নিজের জমিতে চাষ করিতেন। মৃত্যুর কিছুদিন পূর্ব্বেও তিনি নিজের জমিতে কৃষিকার্য্য করিয়াছেন।

## বিজ্ঞপ্তি ও আবেদন

জেলা প্রচারাধিকারিক এক বিজ্ঞপ্তিতে জানাইতেছেন যে আগামী ৭ই ডিসেম্বর মুর্শিদাবাদ জেলায় "পতাকা দিবস" পালিত হইবে। ভারতীয় সৈন্যগণ বিশেষতঃ প্রাক্তন অক্ষম সৈন্যগণ ও তাঁহাদের পরিবারবর্গের সাহায্যকল্পে ঐ দিবস জেলার সর্ব্বত্র অর্থ সংগৃহীত হইবে।

এতদুদ্দেশ্যে জনসাধারণের সহানুভূতি কামনা করিয়া তিনি আবেদন জানাইতেছেন যে ঐ দিবস সকলেই কিছু কিছু এই তহবিলে দান করুন; এই মহৎ প্রচেষ্টাকে সার্থক করিয়া তুলিবার জন্য সকলেই অগ্রণী হউন।

## জঙ্গিপুর মহিলা সঙ্ঘের

সাহায্যার্থে সংগীত প্রতিযোগিতায় লব্ধ টাকার

আয় ব্যয়ের হিসাব

আয়—টিকিট ও বিশেষ প্রবেশপত্র দ্বারা প্রাপ্ত ১৭৭/০

ব্যয়—হাণ্ডবিল, যাতায়াত ও অন্যান্য প্রয়োজনীয় দ্রব্য বাবদ ... ... ৫২॥৶/১৫

জঙ্গিপুরের শ্রীযামিনীনাথ ভট্টাচার্য্য মহাশয়ের যক্ষ্মারোগগ্রস্ত ছেলের চিকিৎসার জন্য ৩০৲

মোট ব্যয় ৮২॥৶৫ বাদে হস্তে মজুত ৯৪।/১৫ পোষ্টাল পাশবহিতে রাখার জন্য দরখাস্ত করা হয়েছে।

শ্রীপ্রভাবতী দেবী চট্টোপাধ্যায়

---

## নোটীশ

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নং ১০৫।৫১ স্বত্ব ২য়

বাদী—মকসদ আলি সেখ, সাং মহাদেবনগর ডিং সমসেরগঞ্জ বনাম

বিবাদী—সরবদি হাজি দিং সাং মহাদেবনগর ডিং সমসেরগঞ্জ

বাদী ডিং সমসেরগঞ্জের অধীন ও ফরাক্কার অধীন মৌজে মহাদেবনগর মধ্যে ২০০১ দাগ ভুক্ত সাধারণের ব্যবহার্য্য ডহর রাস্তা যাহা বিবাদীগণ বেদখল করিয়াছে উহার উদ্ধার জন্য অত্রস্থ জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালতে ১০৫।৫১ স্বত্ব ২য় মোকর্দ্দমা দায়ের করিয়াছে। স্থানীয় মহাদেবনগর, মমরেজপুর গণেশপুর ও তৎসংলগ্ন গ্রামের সাধারণের মধ্যে যে কেহ বাদী শ্রেণী হইয়া ঐ মামলায় পক্ষ হইতে পারিবেন এই উল্লেখে সর্ব্বসাধারণের নিকট জঙ্গিপুর ১ম মুন্সেফ বাহাদুরের হুকুম মত উহা বিজ্ঞাপিত হইল। ধার্য্য দিন ১৩।১২।৫১

By order of the Court
Md. R. Ali, Sheristadar.
20.11.51

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১০ই ডিসেম্বর ১৯৫১

১৯৫১ সালের ডিক্রীজারী

৬০৪ থাং ডিঃ বিবি দেল আফরোজ খাতুন দেং হরগোবিন্দ মণ্ডল দিং দাবি ১৫৬৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে পিরোজপুর ৬৬ শতকের শস্যের অর্দ্ধেক আঃ ৭৫৲ খং ৪০৩

২১৮ থাং ডিঃ সতীশচন্দ্র চৌধুরী দেং আবদুল জলিল মোল্লা মৃতান্তে ওয়ারিশ মসলেম সেখ দিং দাবি ৩৬॥৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে গিরিয়ার সামিল চাঁদপুর ৯ শতকের কাত ১৬/৪ আঃ ১০৲ খং ১২০১ রায়ত স্থিতিবান

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ১৭ই ডিসেম্বর ১৯৫১

১৯৫১ সালের ডিক্রীজারী

৩৩২ থাং ডিঃ নবকুমার সিংহ দুধোরিয়া দিং দেং বিজয়কুমার মুখোপাধ্যায় দিং দাবি ৪৬৶৬ থানা সাগরদীঘি মৌজে গাঙ্গাড্ডা ১-৯২ শতকের কাত ৮।৶০ আঃ ২৫৲ খং ৪৮১ রায়ত স্থিতিবান

৩৪২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৯৪।/০ মৌজাদি ঐ ৪-৬৮ শতকের কাত ২০৬৶৮॥০ আঃ ৫০৲ খং ৪৭৯ রায়ত স্থিতিবান

৩৩৩ থাং ডিঃ ঐ দেং আইজান নেসা বিবি দিং দাবি ১০৩।৬ মৌজাদি ঐ ৩-৪৪ শতকের কাত ১৫৲ আঃ ৫০৲ খং ৩৮৭, ৩৮৮ ঐ স্বত্ব

৩৩৪ থাং ডিঃ ঐ দেং বেলাল সেখ দিং দাবি ৪১।৶৩ মৌজাদি ঐ ২-৮ শতকের কাত ৭।০ আঃ ২০৲ খং ৫২৭ ঐ স্বত্ব

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৭ই ডিসেম্বর ১৯৫১

১৯৫১ সালের ডিক্রীজারী

৩৩৫ থাং ডিঃ নবকুমার সিংহ দুধোরিয়া দিং দেং তড়িৎবরণী বম্মণ্যা দিং দাবি ৬৭৲ থানা সাগরদীঘি মৌজে গাঙ্গাড্ডা ২৫৮॥০ শতকের কাত ১০৷৵০ আঃ ৪০৲ খং ৪৬৭ অধীনস্থ ৪৬৮ রায়ত স্থিতিবান

৩৩৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫৭৷৵৬ মৌজাদি ঐ ২-২১ শতকের কাত ৭৷/০ আঃ ৩০৲ খং ৪৭৫ ঐ স্বত্ব

৩৩৮ থাং ডিঃ ঐ দেং তারাপদ রায় দাবি ১৪৵৬ মৌজাদি ঐ ২৫ শতকের কাত ১/১২॥ আঃ ৫৲ খং ৫১৯ ঐ স্বত্ব

৩৪১ থাং ডিঃ ঐ দেং ইসামহাম্মদ সেখ দিং দাবি ১১৯॥৶০ মৌজাদি ঐ ২-৫৯ শতকের কাত ১৮৲ আঃ ৫০৲ খং ৪৬৯ ঐ স্বত্ব

৩৪৩ থাং ডিঃ ঐ দেং কাশেম আলি সেখ দিং দাবি ১৭৷/৩ মৌজাদি ঐ ৪৫ শতকের কাত ২৻৲০ আঃ ১০৲ খং ৪০৩ ঐ স্বত্ব

৩৪৪ থাং ডিঃ ঐ দেং শ্যামাপদ রায় দাবি ১৪৵৯ মৌজাদি ঐ ৩০ শতকের কাত ১/১২॥ আঃ ৫৲ খং ৫১৯ ঐ স্বত্ব

৩৪৫ থাং ডিঃ ঐ দেং মুনসাদ সেখ দাবি ২৩৵৯ মৌজাদি ঐ ৪৯ শতকের কাত ২৸১৯ আঃ ১০৲ খং ৪৫৭, ৪৫৮ ঐ স্বত্ব

৩৪৬ থাং ডিঃ ঐ দেং কেনেজবান বিবি দাবি ১২৷০ মৌজাদি ঐ ৩৪ শতকের কাত ১॥/৮ আঃ ৫৲ খং ৪৭৪ ঐ স্বত্ব


৩৪৭ থাং ডিঃ ঐ দেং আসরেফন বিবি দাবি ১৪৷৵৩ মৌজাদি ঐ ৮ শতকের কাত ১৵৫ আঃ ৫৲ খং ৪০০ ঐ স্বত্ব

৩৩৯ থাং ডিঃ ঐ দেং উমরাতন বিবি দাবি ৪৩৸৵৩ থানা সাগরদীঘি মৌজে দক্ষিণগ্রাম ১-৭৫ শতকের কাত ৬॥/০ আঃ ২০৲ খং ৮০, ১১০ ঐ স্বত্ব

৩৪০ থাং ডিঃ ঐ দেং আবদুল সোভান মণ্ডল দিং দাবি ৩০॥৶০ মৌজাদি ঐ ১০৬ শতকের কাত ৩॥৵১৩ আঃ ১৫৲ খং ৮২ ঐ স্বত্ব

৩৩৮ থাং ডিঃ সেবাইত ও স্বয়ং মণিমোহন চৌধুরী দেং আলেকজান বিবি দাবি ১৪॥/৯ থানা সাগরদীঘি মৌজে মাঠথাগড়া ৭৪ শতকের কাত ১॥৶১৫ আঃ ১০৲ খং ৭৪ রায়ত স্থিতিবান

২৪ মনি ডিঃ আবদুল গণি মিঞা দিং দেং এমাজুদ্দিন সেখ ওরফে কটা সেখ দাবি ৬৬৷/৬ থানা সাগরদীঘি মৌজে আরাজি বলরামবাটী ১৯৮ শতকের মধ্যে ৬৬ শতকের হারাহারি জমা ৩৷/৪ আঃ ৩০৲ খং ২৮ রায়ত স্থিতিবান




রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত